Date: 23.12.2021

# Gender Equality and Women's Empowerment

CC-6

SEM-III

Pranab Kirtunia
Assistant Professor
Department of Philosophy
Bejoy Narayan Mahavidyalaya
Itachuna, Hooghly
West Bengal-712147

# Gender Equality and Women's Empowerment

অনিয়ন্ত্রিত জীবনযাপন, পরিবেশ ধ্বংস এবং জনসংখ্যা বৃদ্ধির ফলে একদিকে যেমন পরিবেশ জীবনযাপনের পক্ষে প্রতিকূল হয়ে যাচ্ছে তার সাথেই খাদ্য বস্ত্র বাসস্থানের চাহিদা বাড়ছে। ফলে দীর্ঘমেয়াদি উন্নয়ন প্রয়োজন যেখানে ভবিষ্যৎ প্রজন্মের জন্য প্রয়োজনীয় চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত প্রাকৃতিক সম্পদ সংরক্ষিত রাখা এবং বর্তমান প্রজন্মের চাহিদা পূরণ করা লক্ষ্য।

## Gender Equality and Women's Empowerment

**দীর্ঘমেয়াদি উন্নয়ন (জাতিসংঘের সংজ্ঞা অনুযায়ী) হল "development which meets the needs of current generations without compromising the ability of future generations to meet their own needs."**

*Gro Harlem Brundtland in the World Commission on Environment and Development (1987).*

# Gender Equality and Women's Empowerment

## সমাজে নারীর অবস্থান ও ভূমিকা

From ancient period, women have been oppressed, dominated in the society. Principles, literature, culture, science etc., are influenced by patriarchy.

## Gender Equality and Women's Empowerment

কাজের সময়,  বেতন এবং ভোটের অধিকারের দাবিতে1908 সালে 15,000 মহিলা নিউ ইয়র্ক সিটির মধ্য দিয়ে মিছিল করেছিলেন।

28ফেব্রুয়ারী, 1909,মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে প্রথম জাতীয় মহিলা দিবস  পালিত হয়েছিল।

**1910** সালে কোপেনহেগেনে কর্মজীবী মহিলাদের দ্বিতীয় আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করে।, ক্লারা জেটকিন, জার্মান মার্কসবাদী তাত্ত্বিক এবং কর্মী, আন্তর্জাতিক নারী দিবসের **(International Women's Day)** ধারণাটি প্রস্তাব করেছিলেন।

Reference: https://en.wikipedia.org/wiki/International_Socialist_Women%27s_Conferences

## Gender Equality and Women's Empowerment

সমাজ ও রাষ্ট্রের বিভিন্ন নীতির দ্বারা নারী সমাজে অবহেলিত। প্রাচীন যুগ থেকে আজ পর্যন্ত বিভিন্ন কুসংস্কার, দোষক্রুটি সংস্করনের মধ্যে দিয়ে গড়ে উঠেছে উন্নত সমাজ।

পিতৃতন্ত্রকে (Patriarchy) টিকিয়ে রাখতে নারীকে বিভিন্ন নঞর্থক গুন (Negative attribute) দ্বারা অভিহিত করা হত। হিন্দু ধর্মে চারটি বর্ণের উল্লেখ আছে : ব্রাহ্মণ , ক্ষত্রিয় , বৈশ্য ও শূদ্র। সমাজে নারীর অবস্থান ছিল সর্বনিম্ন স্তরে। ব্রাহ্মণ থেকে শূদ্র সব বর্ণেই নারীকে কাক ও কুকুরের সঙ্গে তুলনা করা হত।

## Gender Equality and Women's Empowerment

গৃহ এবং গোষ্ঠীর প্রধান ছিল পুরুষর . তারাই গোষ্ঠী ও পারিবারিক রীতিনীতি তৈরি করত এবং বিধিনিষেধ আরোপের  মধ্যে দিয়ে নারীকে পুরুষের অধীনস্থ করা হত।

মনে করা হত যে  পুরুষের স্বার্থ পূরণের উদ্দেশ্যেই নারীর সৃষ্টি। কৌটিল্যের অর্থশাস্ত্রের বলা হয়েছে 'পুত্রার্থা হি স্ত্রীয়ঃ।’

পিতৃতান্ত্রিক সমাজ হল এমন এক সমাজ ব্যবস্থা যেখানে রীতিনীতির  নিয়ামক হল পুরুষ এবং তারই হাতে থাকে সেই রীতিনীতি প্রয়োগ করার ক্ষমতা অর্থাৎ সমাজের শাসন ব্যবস্থা–  যেখানে নারী সর্বদাই নিপীড়িত, অবহেলিত , অবদমিত ও অত্যাচারিত। নারী সম্পর্কে মনু বলেছিলেন "মিথ্যার মতই  অপবিত্র" ।

## Gender Equality and Women's Empowerment

**মানবাধিকার ও নারী :**

**সুস্থভাবে বেঁচে থাকার জন্য মানুষের কতকগুলি বিশেষ অধিকার রয়েছে যা মানুষের অধিকার বা মানবাধিকাররূপে বিবেচিত হয়। জাতিসংঘ (United Nation)মানবাধিকার প্রসঙ্গে বলেছেঃ "Human rights are commonly understood as being those rights which are inherent to the human being. The concept of human rights acknowledges that every single human being is entitled to enjoy his or her human rights without distinction as to race, colour, sex, language, religion, political or other opinion, national or social origin, property, birth or other status."**

## Gender Equality and Women's Empowerment

**মানবাধিকার ও নারী :**

মানবাধিকার মানুষের কিছু ন্যূনতম মৌলিক স্বার্থ রক্ষা করে এবং আক্রমণকারী রাষ্ট্র বা ব্যক্তির থেকে আক্রান্ত ব্যক্তিকে রক্ষা করে একটি নির্দিষ্ট স্থানে স্বাধীনভাবে বসবাস করার সুযোগ করে দেয়, যেখানে সে তার সহজাত গুণাবলী সংরক্ষণের মধ্যে দিয়ে মানবিকতার বিকাশ ঘটাতে পারে ।

রেক্স মার্টিনের মতে একটি অধিকারকে মানবাধিকারের উত্তীর্ণ হতে গেলে সামাজিক স্বীকৃতি যেমন প্রয়োজন তেমনি রাষ্ট্র দ্বারা কিছু সুনির্দিষ্ট কর্মধারা অনুসরণ করা প্রয়োজন। অর্থাৎ মানবাধিকার রক্ষা সমাজ ও রাষ্ট্রের নৈতিক দায়ীত্বের মধ্যে পরে।

# Gender Equality and Women's Empowerment

**মানবাধিকার ও নারী :**

সম্মিলিত জাতিপুঞ্জের সাধারণ সভায় বিভিন্ন মানবাধিকার সমূহকে বোধগম্য সূত্রবদ্ধ করা হয়েছে ১৯৪৮ খ্রিস্টাব্দে ১০ই ডিসেম্বর, যা 'Universal Declaration of Human Rights' (1948) নামে খ্যাত। পরবর্তীকালে মানবাধিকারের ওপর গুরুত্ব দিয়ে আরও কি ছু আনুষঙ্গিক ঘোষণাপত্র গৃহীত হয় ।

# Gender Equality and Women's Empowerment

**মানবতাবাদি সমাজ :**

**দাবি করা হয় মানুষের স্বরূপ বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে সমাজের রীতিনীতি নির্ধারণ করা হয়। ফলে নারী–পুরুষ নির্বিশেষে সকল মানুষের স্বার্থ রক্ষিত হয়। বস্তুত সমাজের নিয়মনীতি নির্ধারণ করার ক্ষেত্রে পুরুষের অভিজ্ঞতাই প্রাধান্য পায় এবং পুরুষপ্রধান বৈশিষ্ট্যটিই মানুষের স্বরূপ বৈশিষ্ট্য রূপে গণ্য হয়। ফলত সেখানে নারীর অভিজ্ঞতা ব্রাত্য।**

## Gender Equality and Women's Empowerment

সমাজের দৃষ্টিভঙ্গি ও নারীর অবস্থান : সমাজ  পুরুষকে শক্তির অধিকারী করে সভ্যতার চাবিকাঠি তার হাতে তুলে দেয়,   নারীর জন্য বরাদ্দ করে প্রাণপালন,  প্রাণসৃষ্টির মতো সামাজিক গুরুদ্বায়িত্ব  এবং  সমাজে নারীকে ক্ষমতাহীন সদস্য রুপে পরিণত করে।

নারীর অভিজ্ঞতাকে তুচ্ছ তাচ্ছিল্য করার পেছনে রয়েছে  পিতৃতন্ত্র , যা সর্বদাই ক্ষমতার একটা কেন্দ্র।

# Gender Equality and Women's Empowerment

## পিতৃতান্ত্রিক সমাজ ও নারীত্বের বিনির্মাণ

**সাহিত্য, ইতিহাস, বিজ্ঞান সর্বত্রই নারী অবদমিত।**

**স্থূলশরীর হিসেবে নারীর পরিচয় বারবার তুলে ধরা হয়েছে। অপরদিকে পুরুষ হল সেই সত্ত্বা যে মন বা আত্মার সঙ্গে তুলনীয়।**

## Gender Equality and Women's Empowerment

### পিতৃতান্ত্রিক সমাজ ও নারীত্বের বিনির্মাণ

**পুরুষের অভিজ্ঞতার ভিত্তিতে গড়ে ওঠা তত্ত্ব ও মতকে একমাত্র বৈধ তত্ত্ব বা মত হিসেবে চিহ্নিত করা হয় । এই বৈধ তত্ত্বই হল যৌক্তিক। যৌক্তিকমাত্রই লিঙ্গনিরপেক্ষ। তাই এই তত্ত্ব নারী–পুরুষ নির্বিশেষে সকলের জন্যই ন্যায্য বিচারের সহায়ক । পিতৃতন্ত্র এমনভাবে সমাজের মূল শিকড়ে প্রোথিত আছে যে শিশু জন্মাবার পর থেকেই পুত্র সন্তান অপেক্ষা অবহেলিত পরিচর্যার মধ্যে দিয়ে কন্যা সন্তানকে দুর্বল ও প্রতিবাদহীন জীবে পরিণত করা হয়।**

## Gender Equality and Women's Empowerment

**পিতৃতন্ত্রের হাতিয়ার**

THE OPPRESSIVE CONCEPTUAL FRAMEWORK :

1. Value-Hierarchical Thinking.
2. Value Dualism.
3. The Logic of Domination.

## Gender Equality and Women's Empowerment

The Logic of Domination.

1) মানুষ যে পরিবেশে বাসকরে সেটা পরিবর্তন ঘটাতে পারে কিন্তু গাছপালা, পাহাড়-পর্বতাদি সেটা পারে না।
2) সচেতনভাবে পরিবেশ বা সমাজের পরিবর্তন ঘটানোর সামর্থ্য যার আছে সে যার এই সামর্থ্য নেই তার থেকে নৈতিকভাবে উৎকৃষ্ট ।
3) গাছপালা, পাহাড়-পর্বতাদির থেকে মানুষ নৈতিকভাবে উৎকৃষ্ট ।
4) যেকোন x এবং y এর ক্ষেত্রে যদি x y এর তুলনায় উৎকৃষ্ট হয়, তাহলে x y কে অবদমন করার ব্যাপারে যুক্তিযুক্ত।
5) অতএব গাছপালা পাহাড়-পর্বতাদির ওপর প্রভুত্ব করার অধিকার মানুষের রয়েছে।

# Gender Equality and Women's Empowerment

The Logic of Domination.

1) নারী প্রকৃতি তথা ভৌত জগতের সঙ্গে অভিন্ন বিবেচিত হয় এবং  পুরুষ মানুষ তথা মানসিক দিকের  সঙ্গে অভিন্ন বিবেচিত হয়।
2) যে সত্তা প্রকৃতি তথা ভৌত জগতের সঙ্গে অভিন্ন বিবেচিত হয় সে মানসিক  দিকের সঙ্গে তুলনীয় সত্তার  তুলনায় নিকৃষ্ট।
3) সুতরাং  নারী পুরুষের তুলনায় নিকৃষ্ট।
4) যেকোন x  এবং y এর ক্ষেত্রে যদি x  y এর তুলনায় উৎকৃষ্ট হয়, তাহলে x  y কে অবদমন করার ব্যাপারে যুক্তিযুক্ত।
5) অতএব পুরুষের দ্বারা নারীর অবদমন যুক্তিযুক্ত।

## Gender Equality and Women's Empowerment

### শান্তিপূর্ণ সমাজ গড়ায় নারীর ভূমিকা

জন রলসের মতে মানুষ হল ‘Rationality Maximizer' অর্থাৎ মানুষ মাত্রই চায় পূর্ণমাত্রায় যৌক্তিক হতে।

প্রথমত যুক্তি বলতে কি বুঝব এমন এক অবস্থান যার দ্বারা সমাজ সার্বিকভাবে উপকৃত হবে, না এমন এক দ্ব্যর্থহীন স্পষ্ট অবস্থান যার দ্বারা সমাজ ক্ষতিগ্রস্ত হতে পারে।

লজিকের নানান সিস্টেম আছে তাদের মধ্যে এখনও কোন মৌলিক সাদৃশ্য প্রমাণিত হয়নি।

## Gender Equality and Women's Empowerment

### শান্তিপূর্ণ সমাজ গড়ায় নারীর ভূমিকা

গিলি গান তার "এক্সিট ভয়েস– ডালেমাস ইন এডোলেসেন্ট ডেভেলপমেন্ট" প্রবন্ধেও হার্শম্যানের একটি সমীক্ষার সাহায্যে নিয়েছেন, যেখানে তিনি দেখিয়েছেন যে একটি সামাজিক সংগঠনের সদস্যরা ..

1. এক্সিট বা বেরিয়ে গিয়ে

বা

2. ভয়েস বা প্রতিবাদের দ্বারা সংগঠনের কোন নীতির প্রতি অসম্মতি জানাতে পারে।

# Gender Equality and Women's Empowerment

## শান্তিপূর্ণ সমাজ গড়ায় নারীর ভূমিকা

সমাজ একটি জটিল জালের মত যার অন্তর্গত সদস্যরা পরস্পরের উপর নির্ভরশীল। আমরা পরস্পর মিলিতভাবে সুন্দর সমাজ গড়তে পারব, কিন্তু পরস্পর থেকে বিচ্ছিন্ন হলে সমাজ ক্ষতিগ্রস্ত হবে ও ধ্বংসের দিকে এগিয়ে যাবে। ম্যাকাইভার ও পেজ বলেন “society is a web of social relationship”

নিজের স্বাধীনতা ভোগ করার সাথে সাথে অন্যের সুরক্ষা ও স্বাধীনতা সুনিশ্চিত করা আমাদের নৈতিক কর্তব্য।

## Gender Equality and Women's Empowerment

### দীর্ঘমেয়াদী উন্নয়নে (Sustainable Development) নারী প্রধান স্থপতি:

সমাজে নারী নিজেকে  কখনই   বিচ্ছিন্ন স্বতন্ত্র সত্তা হিসেবে দেখেনা। সে সমাজের অন্যান্য সদস্যদের সাথে সম্পর্ক টিকিয়ে রেখে বাঁচতে চায় ও সমাজে সংহতি  রক্ষার চেষ্টা করে। তার নৈতিক সিদ্ধান্ত  সমাজের স্বার্থ রক্ষার্থে  গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।  সে নিজের ও  সমাজের সুরক্ষা ও মঙ্গল কামনা করে।   নারীর অভিজ্ঞতাপুষ্ট উন্নয়ন গঠনমূলক উন্নয়নের পথ প্রসস্ত করে। সমাজের নীতিনির্ধারণ ও  উন্নয়নে  নারীর অংশগ্রহণ দীর্ঘমেয়াদী উন্নয়নের  পথ প্রস্তুত করে ।

## Gender Equality and Women's Empowerment

দীর্ঘমেয়াদী উন্নয়নে (Sustainable Development) নারী প্রধান স্থপতি:

নারীর হাতেই ভবিষ্যৎ জেনারেশন সুরক্ষিত। নারী মানব সভ্যতার ইতিহাসে বিভিন্ন প্রজন্ম রক্ষায় মুখ্য ভূমিকা পালন করে। সে গর্ভধারণ, তাদের লালন পালন প্রভৃতির মধ্য দিয়ে এক প্রজন্ম থেকে অন্য প্রজন্ম মানবসত্তাকে বহন করে। বর্তমান জনজীবন উন্নয়নের সাথে সাথে ভবিষ্যৎ প্রজন্মের জন্য পরিবেশ সংরক্ষণ প্রয়োজন।

## Gender Equality and Women's Empowerment

দীর্ঘমেয়াদী উন্নয়নে (Sustainable Development) নারী প্রধান স্থপতি:

**নারী উন্নয়নের মধ্যে দিয়েও স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে পারদর্শী। সে প্রকৃতির খুব কাছাকাছি । নারী ও প্রকৃতি উভয়েই মা । একজন মা তার সন্তানদের ভালো বোঝে, তাদের দুঃখ–দুর্দশায় বিচলিত হয়, তাদের আপন করে নিতে পারে এবং সর্বোপরি তাদের সুরক্ষিত করার চেষ্টা করে।**

## Gender Equality and Women's Empowerment


দীর্ঘমেয়াদী উন্নয়নে (Sustainable Development) নারী প্রধান স্থপতি:

**মাতৃত্বের সহানুভূতি পরিবেশের অমানব সদস্যদেরও আপন করে নিতে পারে এবং সুরক্ষিত করে।**

**নারী পরিবেশের সদস্যদের নিজস্ব মূল্য স্বীকার করে(Intrinsic Value )।**

## Gender Equality and Women's Empowerment

পরিবেশের অমানব সদস্য (পশু , পাখি , গাছপালা , নদী–নালা ,পাহাড়–পর্বত প্রভৃতি)ক্ষতিগ্রস্ত হলে সামগ্রিকভাবে পরিবেশ দূষিত হয় I অকাল বন্যা , খরা , ঝড় , গ্রীনহাউস এফেক্ট ইত্যাদির মত সমস্যার সম্মুখীন হতে হয়। পরিবেশ এবং পরিবেশের সদস্যদের নিজস্ব মূল্যের প্রতি শ্রদ্ধা জানিয়ে তাদের রক্ষা করে দূষণমুক্ত (বা সাধ্যমত দূষণ হ্রাস) স্বাস্থ্যকর পরিবেশ গঠনের মধ্যে দিয়ে দীর্ঘমেয়াদি উন্নয়নের পথ সুগম হয় I পরিবেশের সদস্যদের প্রতি স্নেহ মমতা শ্রদ্ধা প্রভৃতির দ্বারা তাদের সংরক্ষণের মধ্যে দিয়ে স্বাস্থ্যকর পরিবেশ গঠন করা নারীর পক্ষে যতটা সহজ পুরুষের পক্ষে ততটাই কঠিন কাজ I স্বাস্থ্যকর পরিবেশই হল দীর্ঘমেয়াদি উন্নয়নের প্রধান শর্ত। অতএব দীর্ঘমেয়াদী উন্নয়নে নারীর অংশগ্রহণ খুবই গুরুত্বপূর্ণ I



# Thank You